



রূপগঞ্জ নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল



ছবি: ফেসবুক থেকে নেওয়া।

রূপগঞ্জ নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের একটি ঝটিকা মিছিলের ঘটনা ঘটেছে। শুক্রবার (২২ মে) দুপুরের দিকে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার চনপাড়া পুনর্বাসন কেন্দ্র এলাকায় এ মিছিল বের হয়।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্র বলছে, এতে আনুমানিক ৫০ জনের মতো নেতাকর্মী অংশ নেন। তারা চনপাড়া এলাকার বিভিন্ন সড়ক ও গুরুত্বপূর্ণ জায়গা ঘুরে মিছিলটি সম্পন্ন করেন। এ সময় অংশগ্রহণকারীদের নানা ধরনের স্লোগান দিতে দেখা যায়।

এ বিষয়ে রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এইচ এম সালাউদ্দিন জানান, মিছিলের বিষয়ে পুলিশের কাছে আগে থেকে কোনো তথ্য ছিল না। বিষয়টি এখন যাচাই করে দেখা হচ্ছে।

তিনি আরও বলেন, পুলিশের নিয়মিত টহল ও দায়িত্ব পালন চলমান থাকে। কোথাও এ ধরনের ঘটনা ঘটলে তা জানার কথা, তবে যদি গোপনে হয়ে থাকে তাহলে বিষয়টি আলাদাভাবে খতিয়ে দেখা হবে।

LENS ASIA